

মাসিক ভাতা

এটা কি?

এটি নির্দিষ্ট পরিমাণের একটি অর্থ যা প্রাপ্তির জন্য অবশ্যই আবেদন করতে হয়, এটি ১৮ বছর পর্যন্ত প্রতিবন্ধী শিশু/তরুণদের স্কুল ও সামাজিক অন্তর্ভুক্তির জন্য প্রয়োজন।
২০২৩ সালের জন্য মাসিক ৩১৩.৯১ ইউরো নির্ধারণ করা হয়েছে।

কারা ভাতা পাওয়ার অধিকারী?

১৮বছরের কম বয়সী স্থায়ী প্রতিবন্ধকতা সম্পন্ন শিশুরা।

- ইতালিয়ান নাগরিক
- বিদেশী ইইউ নাগরিক যারা পৌরসভা/কমুনে এর রেজিস্ট্রি অফিসে তাদের আবাসন নিবন্ধন করেছে;
- ইইউ বহির্ভূত বিদেশী নাগরিক যাদের কমপক্ষে এক বছরের পের্মেসস দি সজ্জর্ণ

আরো তথ্যের জন্য ইনস্পের নিম্নোক্ত ওয়েব সাইটটি ভিজিট করুন:

<https://www.inps.it/prestazioni-servizi/indennita-mensile-di-frequenza>

এটা কিভাবে কাজ করে?

১.

ব্যক্তিগত ডাক্তার/শিশুডাক্তার অনলাইনে নির্দিষ্ট **ডাক্তারী পরিচিতিমূলক সার্টিফিকেট** পূরণপূর্বক তা ইনস্প এ পাঠান, যেখানে সংশ্লিষ্ট রোগীর ব্যক্তিগত তথ্য, ফিসক্যাল কোড, প্যাথলজি ও নির্ণীত রোগের তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকে।

ডাক্তার সন্তানের পিতামাতাকে দেয়:

- সক্রিয় কার্যপ্রণালীর **ইউনিক নম্বর** সম্পন্ন সার্টিফিকেটের পূর্ণ রসিদ
- **মূল মেডিকেল সার্টিফিকেটের** কপি যা অভিভাবককে পরবর্তী ভিজিটের সময় অবশ্যই সাথে

২.

অভিভাবক ইনস্পের ওয়েব সাইট হতে অনলাইনের মাধ্যমে সংশ্লিষ্ট স্বাস্থ্য আবেদন যাচাইকরণের জন্য প্রেরণ করতে পারেন

৩.

অভিভাবক এর সাথে ইনস্পের পক্ষ হতে ভিজিটের এপয়েন্টমেন্ট এর জন্য যোগাযোগ করা হবে।

সংশ্লিষ্ট ভিজিটটি আজল/ASL তে **ডাক্তার-আইনগত কমিশন** এর উপস্থিতিতে সম্পন্ন হবে এবং এটি নাগরিক অক্ষমতার অধীকার নিশ্চিত করার জন্য প্রয়োজন।

ভিজিটের সময় অভিভাবককে মেয়াদ সম্বলিত সনাক্তকারী ডকুমেন্টের কপি ও নিজের কাছে থাকা **স্বাস্থ্য/রোগ সম্পর্কিত যাবতীয় ডকুমেন্ট** কমিশনের কাছে জমা দিতে হবে।

ভিজিটের সময় আগ্রহীপক্ষ তার বিশ্বস্ত একজন ডাক্তারের সহায়তা নিতে পারে।

৪.

কমিশন কর্তৃক **ভিজিটের রিপোর্ট** ইলেক্ট্রনিক বিন্যাসে তৈরী করা হয় এবং তা সংশ্লিষ্ট আগ্রহী পক্ষের কাছে নিবন্ধিত মেইল বা পেক এর মাধ্যমে পাঠানো হয়।

৫. কমিশন যদি কারো প্রতিবন্ধকতা নিশ্চিত করে, তবে সংশ্লিষ্ট নাবালকের পিতামাতা ইনস্পের ওয়েব সাইটের মাধ্যমে অনলাইন পরিষেবার দ্বারা **AP70 ফর্ম(modulo AP70)** পূরণপূর্বক **মাসিক ভাতার** আবেদনের জন্য অগ্রসর হতে পারে, বিকল্পভাবে পাত্রোনাতো কাফের সহায়তাতেও আবেদন করা সম্ভব।

